বেভারিজ নিউজ-বাংলাদেশ

অক্টোবর থেকে ডিসেম্বর’ ২০১৪
সংখ্যা নং-২২

Sir William Beveridge Foundation

Beveridge News-Bangladesh

October to December’ 2014
No. 22

Hon’ble President Declares Older Persons as Senior Citizens

বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতি জনাব এম.আব্দুল হামিদ বিগত ২৭ নভেম্বর ২০১৪ তারিখ “থাকবো না কেউ পেছনে: গড়বো সমাজ একসনে” শ্লোগানকে সামনে রেখে বাংলাদেশের প্রবীণ ব্যাক্তিদের উদ্দেশে ভাষণ প্রদান করে বাংলাদেশের ৬০ উর্ধ্ব সকল প্রবীণদের সিনিয়র সিটিজেন ঘোষণা করেন। মহামান্য রাষ্ট্রপতি বাংলাদেশে প্রবীণদের নিয়ে যে সকল সরকারি বেসরকারি সংস্থা দীর্ঘদিন যাবৎ কাজ করে আসছে তাদের নাম উল্লেখ করে ধন্যবাদ দেন যেখানে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশন এর নাম ছিল উল্লেখযোগ্য। বেভারিজ পরিবারের পক্ষ থেকে মহামান্য রাষ্ট্রপতিকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

On November 27, 2014, the Hon’ble President of the People’s Republic Bangladesh , M Abdul Hamid formally declared all citizens of Bangladesh above the age of 60 years as Senior Citizens in a programme organised by Ministry of Social Welfare, at Osmany Memorial Auditorium. In his address, he lauded the role of SWBF along with the other organizations working for the elderly in Bangladesh. We sincerely express our thanks and gratitude to the Hon’ble President.

Happy New Year 2015 !

“সেবা আর শ্রদ্ধায় শুধবো ঋণ, প্রবীণের প্রতি মাথা নোয়ায় আজ নবীণ,”। স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশন পরিবারের সকল স্টেকহোল্ডার, শুভানুধ্যায়ী, সহযোগী সংগঠন, বেভারিজ ক্লায়েন্ট ও পরিবার সহ সকল কর্মকর্তা এবং কর্মীদের ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা এবং এক্সিকিউটিভ ডাইরেক্টর ড.রেজাউর রহমান জিলানী-র পক্ষ থেকে ইংরেজি নতুন বছর ২০১৫ সালের শুভেচ্ছা।

Rahman Jilani Ph D. the Founder and Executive Director of the Foundation, conveys his greetings and best wishes for the New Year 2015 to all the stake holders, well – wishers, partner organisations, clients and their family members.

Dr Rahman Jilani

Working for a better society

Dr. Sakel is the new Ambassador of Sir William Beveridge Foundation (SWBF)

স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশন এর নতুন দূত হিসেবে নিউরো বিশেষজ্ঞ ডা. মোহাম্মদ সাকেল -কে বেভারিজ পরিবারের সকল স্টাফদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন এবং শুভেচ্ছা।

The Board of Trustees of SWBF approved the appointment of Dr. M Sakel as the Ambassador of Sir William Beveridge Foudation on 27 November 2014. Dr Sakel is the Director/Consultant Neuro-. Rehabilitation and Director R&D at the East Kent University Foundation Hospitals Trust. As we congratulate and welcome him, we wish him success!

Observance of International Day of Older Persons-2014

আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০১৪ উপলক্ষে ফাউন্ডেশন এর পক্ষ থেকে গত ১ অক্টোবর ২০১৪ তারিখ সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে এক মানব বন্ধন করা হয়। এরপর সমাজ সেবা অধিদপ্তর আয়োজিত এক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে ফাউন্ডেশন এর কান্ট্রি ডিরেক্টর, মেডিকেল ডিরেক্টর, হেড অব ডিমেনশিয়া, এবং কেয়ার সুপারভাইজারগণ সক্রিয় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রতিমন্ত্রী এডভোকেট প্রমোদ মানকিন, সমাজ কল্যাণ মন্ত্রণালয়' বিশেষ অতিথি জাতীয় অধ্যাপক ডা. এম আর খান, সভাপতি মোহাম্মদ সাইদুর রহমান- মহাপরিচালক সমাজ সেবা অধিদপ্তর, প্রবীণ হিতৈষী সংঘের পরিচালক ড. আতিকুর রহমান। এবারের প্রবীণ দিবসের প্রতিপাদ্য বিষয় "থাকবো না কেউ পেছনে: গড়বো সমাজ একসনে"

International Day of Older Persons 2014 was celebrated on 01 October 2014. A human chain was organised in front of the Press Club. A discussion meeting and cultural programme was organised by the Social Welfare Directorate. Advocate Promod Mankin MP, the State Minister, Ministry of Social Welfare was the Chief Guest. The Country Director SWBF is seen addressing the meeting.

Rural Survey on Dementia Prevalence & Socio-Demographic Status

স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশন এবং এজিং সাপোর্ট ফোরাম এর পক্ষ থেকে যৌথ উদ্যোগে গত ২৯ ও ৩০ নভেম্বর ২০১৪ তারিখ, ডিমেনশিয়া আক্রান্ত প্রবীণ ব্যাক্তিদের ড্যাটাবেস তৈরি এবং তাদের আর্থ-সামাজিক, পারিবারিক এবং স্বাস্থ্য সহ সার্বিক অবস্থা জানার উদ্দেশ্যে ঢাকা জেলার ধামরাই উপজেলার কুল্লা উইনিয়ন এ একটি গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়। কার্যক্রমটি পরিচালনায় ঢাকা জেলা প্রশাসক মহোদয় সহ, সাভার উপজেলা নির্বাহী কর্মকর্তা, স্থানীয় প্রশাসন এবং সাধারণ জনগণ বিশেষ করে কুল্লা ইউনিয়ন এর প্রবীণ ব্যাক্তিগণ সার্বিকভাবে সহযোগিতা করে থাকেন। আমরা তাদের এই আন্তরিক সহযোগিতায় কৃতজ্ঞতা প্রকাশ করছি।

As part of Dementia Awareness Campaign in Bangladesh. SWBF organised a survey in Kulla Union of Dhamrai Upajilla, Dhaka on the state of socio-economic condition of the elderly population and the prevalence of Dementia amongst them.

Medical Camp on 14 December 2014 to at Kulla Union of Dhamrai Upazilla

গবেষণার অংশ হিসেবে স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশন এবং এজিং সাপোর্ট ফোরাম যৌথ উদ্যোগে গত ১৪ ডিসেম্বর ২০১৪ তারিখ, ধামরাই উপজেলার কুল্লা ইউনিয়নের চন্দ্রবান একাডেমী প্রাঙ্গনে দ্বিতীয় দফায় ডিমেনশিয়া স্ক্রীনআউট এবং বিনামূল্যে স্বাস্থ্য সেবা ও ঔষধ বিতরণ করা হয়। ডিমেনশিয়া স্ক্রিনআউট করেন মনোবিশেষজ্ঞ ডা: কর্ণেল কামরুল এবং সাথে ছিলেন ফাউন্ডেশনের কান্ট্রিডিরেক্টর। মেডিকেল ক্যাম্পে রেজিস্টারভুক্ত সেবাগ্রহীতা ছিলেন ৪৮৯ জন এবং অলিখিত প্রায় ১১৭ জন। এই কার্যক্রমটি সফলভাবে সমাপ্ত করার জন্য কুল্লা ইউনিয়নের স্থানীয় চেয়ারম্যান, মেম্বার, স্কুল কর্তৃপক্ষসহ সকল জনসাধারণের প্রতি আমরা কৃতজ্ঞ।

As part of our DACB programme, a Health Camp was organised at the premises of Chandraban Academy, Kulla Union on December 14, 2014. Over 600 persons were put through- medical check-up, and medicines. Dementia screening was done by Psychiatrist Mr Kumrul Hasan. We thank all who supported our programme.

BDA A Programme at NSU

স্যার উইলিয়াম বেভারিজ ফাউন্ডেশন- ডিমেনশিয়া এ্যালায়েন্স এর একটি সক্রিয় অংশিদার প্রতিষ্ঠান হিসাবে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে সেমিনার এ ফাউন্ডেশনের কান্ট্রি ডাইরেক্টর মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:) ২০১৪ তারিখ অংশ গ্রহণ করেন।

A seminar on Dementia was organised at the North- South University, Dhaka, under the auspices of Bangladesh Dementia Action Alliance.

Alzheimer's programme attended by the Country Director

The Country Director is seen with Frank Schaper. Jr, Francis Wong, RD, ADI Asian Pacific Region. Dr Samnun F. Taha, and Jane Czibora, Membership &Events Manager, ADI in New Delhi in November 2014, during 17th Asia Pacific Regional Conference ADI

Ms Helen Jilani visit the SWBF-BD

Ms Helen Jilani visits the office of SWBF.

SWBF Ambassador Dr. Sakel visit Bangladesh office

বাংলাদেশে অবস্থানকালে ফাউন্ডেশনের নবনিযুক্ত দূত ডা. এম. সাকেল বিভিন্ন প্রজেক্ট এবং অফিস ভিজিট করেন।

Seen in the pictures are the activities of Dr M. Shakel- the Ambassador of SWBF as he visited various projects in Bangladesh and its main office.

Dr. Shakel visits Clients in different locations.

The Director of NGOAB, Dr. Helaluddin, visits SWBF

গত ২রা ডিসেম্বর, ২০১৪ইং তারিখে এনজিও এ্যাফেয়ার্স ব্যুরোর পরিচালক ড: হেলালউদ্দীন ফাউন্ডেশানের প্রধান কার্যালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি ফাউন্ডেশানের কর্মকান্ড সম্পর্কে অবহিত হন। এই সময় ফাউন্ডেশানের প্রায় সকল কর্মকর্তা ও কর্মীগণ উপস্থিত ছিলেন। তাঁর আগমন উপলক্ষ্যে ফাউন্ডেশানের ট্রেনিং কাম কনফারেন্স রুমে এক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনার বিষয় ছিল “বর্তমান প্রেক্ষাপটে এনজিওসমূহের করনীয়। আলোচনা চলাকালে, জনাব স্বপণ মজুমদারের এক প্রশ্নের জবাবে পরিচালক মহোদয় জানান, বাংলাদেশসহ তৃতীয় বিশ্বের দেশগুলি থেকে দাতাগোষ্ঠী হাত গুটিয়ে নিচ্ছে। তিনি আরও জানান দাতাগোষ্ঠীর নজর এখন আফ্রিকার দিকে। তিনি আরও পরামর্শ দেন, বর্তমান প্রেক্ষাপটে এনজিওগুলির মানবিক কর্মকান্ড গ্রহন করা উচিত। সে দিক বিবেচনায় ফাউন্ডেশানের গৃহে গৃহে গিয়ে হোম কেয়ার ও ডিমেনশিয়া এ্যয়য়্যারনেস কেম্পেইন কার্যক্রম খুবই যুগপোযোগী। কাজটি খুবই ব্যতিক্রমধর্মী। তিনি সবাইকে সম্ভাব্য আয়ের বিভিন্ন উৎস সন্ধানের পরামর্শ দেন।

Dr. Helaluddin, Director NGO Affairs Bureau visited the office of SWBF. In a discussion meeting, he lauded the role of SWBF. He advised all to diversity the portfolio of incomes and services.

Celebration of Victory Day at ANKUR School and distribution of winter cloths among students

বিগত ১৬ই ডিসেম্বর ২০১৪ইং তারিখে, অংকুর স্কুলে বিজয় দিবস উদ্‌যাপন করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ফাউন্ডেশানের সম্মানিত উপদেষ্টা জনাব সৈয়দ সাজেদুর রহমান (ফিরোজ) স্বস্ত্রীক, প্রজেক্ট কো-অর্ডিনেটর জনাব স্বপণ মজুমদার ও স্কুলের শিক্ষক শিক্ষিকাসহ ছাত্রছাত্রীগণ। অনুষ্ঠানটি সকাল ১১:০০ টায় জাতীয় পতাকা উত্তোলন ও সম্মিলিত কণ্ঠে জাতীয় সঙ্গীত গেয়ে শুরু করা হয়। এরপর স্কুল ভবনে বিজয় দিবসের তাৎপর্য ও আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় জনাব ফিরোজ ছাত্রছাত্রীদের স্বাধীনতার গল্প শোনান। আলোচনায় জনাব মজুমদার ছাত্রছাত্রীদের বলেন, আজকের বিজয়ের আনন্দ অনেক বলিদানের মাধ্যমে অর্জিত হয়েছে। আমাদের গৌরবোজ্জ্বল স্বাধীনতা যুদ্ধে ৩০ লক্ষ লোক প্রাণ দিয়েছেন, ২ লক্ষ মা,বোন ইজ্জত দিয়েছেন, ১ কোটি লোক গৃহহীন হয়ে ভারতে আশ্রয় নিয়েছে। তিনি ছাত্রছাত্রিদের বলেন, তোমাদের লেখাপড়া শিখে দেশ গড়ার কাজে আত্মনিয়োগ করতে হবে। এরপর জনাব রহমান ছাত্রছাত্রিদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন।

On 16th December, 2014 the “Victory Day” was celebrated at Ankur School. In the occasion Foundation’s honourable adviser Syed Sajedur Rahman (Firoz) including his wife, Project Coordinator Mr. Swapan Majumder, Teachers and Students were present. The function started at 11:00 am hoisting the national flag and singing the national anthems. Then a discussion meeting was arranged at the school room. The chief guest Mr. Firoz, advised the students to sacrifice themselves in building the country after finishing their studies. Then, Mr. Firoz distributed winter clothes among the students.

স্বাস্থ্য সেবা (সেবা গ্রহণকারী)

- ❖ ফিজিওথ্যারাপি (বিশেষজ্ঞের পরামর্শ অনুযায়ী)
- ❖ ডায়াবেটিক চেক করা
- ❖ ব্লাড প্রেশার চেক করা
- ❖ ড্রেসিং/আনড্রেসিং করা (ডাক্তারের পরামর্শ অনুযায়ী)
- ❖ ক্যাথেটার সেটিং
- ❖ ঔষধ খাইয়ে দেয়া (ডাক্তার ও অভিভাবকের নির্দেশ অনুযায়ী)

গৃহস্থালির পরিচর্যা (সেবা গ্রহণকারী)

- ❖ বিছানা পত্র পরিপাটি করা
- ❖ কাপড় চোপড় গুছিয়ে রাখা
- ❖ বিছানার চাদর পরিবর্তন করা
- ❖ খাবার গরম করে দেয়া
- ❖ সেবা গ্রহীতার ঘর পরিষ্কার করা

ব্যক্তিগত পরিচর্যা (সেবা গ্রহণকারী)

- ❖ হাঁটা চলাতে সাহায্য করা
- ❖ ধরে ধরে হাঁটানো
- ❖ খাওয়া-দাওয়া করানো
- ❖ বিছানা থেকে ওঠানো
- ❖ বিছানায় নিয়ে শোয়ানো
- ❖ চুল ধুয়ে মুছে আঁচড়িয়ে দেয়া
- ❖ গোসল করানো/গা স্পঞ্জ করানো
- ❖ পোশাক পরিবর্তন করা
- ❖ হাত ও পায়ের নখ কেটে দেয়া
- ❖ দাঁত মেজে দেয়া
- ❖ টয়লেটিং-এ সাহায্য করা
- ❖ সেবা গ্রহণকারীকে সঙ্গ দেয়া

উল্লেখ্য: প্যালিয়েটিভ কেয়ার এবং আলঝাইমারস্ তথা ডিমেনশিয়া রোগে আক্রান্ত ব্যক্তিদের আমরা সেবা দিয়ে থাকি।

আমাদের সেবা পেতে যোগাযোগ করুন:

ফাতেমা আক্তার - ০১৭৩ ০০৫ ৭৪০৩, শিল্পী আক্তার - ০১৭৩ ০০৫ ৭৪০৭, সুখরঞ্জন বাড়ৈ - ০১৭৩ ০০৫ ৭৪০৮, তাসলিমা সুলতানা - ০১৭৩ ০০৫ ৭৪০২

Sir William Beveridge Foundation

Dhaka Office:

52/1, New Eskaton Road
Hasan Holdings (6th floor)
Dhaka 1000.
Bangladesh
Tel: 88 02 9353633
Fax: 88 02 9361500
E-mail: hob.swbf@hotmail.com

Chair: Michael O'Keefe, Executive Director: Rahman Jilani Ph.D. Registered charity: 1116923, Bangladesh NGO Bureau Reg. no 2262